



## শিক্ষা

### আমাদের পাঠ্যক্রম ও নৈতিকতা

আমরা একজন ছাত্রের কাছ থেকে নৈতিকতা দাবী করি। সামান্য নীতিবোধের অভাব হলে ধর্মকের সুরে বলি, কোন ক্লাসে পড়? কোন মাস্টার তোমাকে পড়ান? কিন্তু আমাদের পাঠ্যক্রমে কতটুকু নৈতিক মান উন্নয়নের জন্য পাঠ আছে এটা আমরা কেউ দেখি না। জ্ঞান-বিজ্ঞান, অংক-ইংরেজী, বিভিন্ন প্রকার সাহিত্য আমাদের স্কুল কলেজের পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত। যদিও এসব পাঠ্যসূচী আমাদের সরাসরি নৈতিকতা বিরোধী তৎপরতা শুরু করতে প্রভাবিত করে না, তথাপি অন্যদিকে নৈতিকতা বিরোধী

তৎপরতা বন্ধ করতেও তেমন জোরালো তাগিদ দেয় না। সরাসরি না বা হ্যাঁ কোনটাই বলে না বিধায় বিজ্ঞানবিদরা এই পাঠ্যক্রমকে সেকুলার পাঠ্যক্রম বলেছেন। অংক-ইংরেজী বিজ্ঞান বিষয়ে পাশ্চাত্যের প্রচলিত কিছু কিছু নৈতিকতা বিরোধী বিষয় উপস্থাপন করা হয়েছে, আবার ধর্মীয় বিষয়সমূহে কোন রকমে নীতিনৈতিকতা নিয়ে দায়সারা গোছের পাঠ্যসূচী অন্তর্ভুক্ত করা হয়েছে। এই দ্বিমুখী শিক্ষা ব্যবস্থায় ছাত্ররা কি শিখতে পারে? আর তাই দেখা যায় প্রচলিত পাঠ্যক্রম ধারায় একশ্রেণীর শিক্ষিত তৈরী করা হচ্ছে নীতিবান ও দুর্নীতিবাজ উভয়ের মাঝামাঝি। অর্থাৎ আপাতঃ দৃষ্টিতে— না নীতিবান না দুর্নীতিবাজ। আর প্রকৃত

বিচারে এরা দুর্নীতিবাজদের অন্তর্ভুক্ত। কেননা একজন নৈতিকতা সম্পন্ন মানুষ সামান্য দুর্নীতি করলেও নৈতিকতাহীনতার অভিযোগে অভিযুক্ত হন। দেশের একজন সর্বোচ্চ শিক্ষিত ব্যক্তিকেও দেখা যায় নৈতিকতার ক্ষেত্রে একজন অশিক্ষিত ব্যক্তির কাছে পরাজয়বরণ করতে। আরার ব্যবহারের দিক থেকে পরাস্ত হতে। সামান্য মানবতা বোধও শিখতে হয় একজন ডাক্তারকে অশিক্ষিত দরিদ্র রোগীর কাছ থেকে। নৈতিকতা বিবর্জিত, এই পাঠ্যক্রম এভাবে পাশ্চাত্যের নৈতিকতাহীনতার দিকে 'নিউট্রলাইজড' করতে। পাঠক প্রশ্ন করতে পারেন, নৈতিকতার শিক্ষার জন্য তাহলে বিষয়সমূহ কি হতে পারে। তাই বলতে হয় এর জন্য

প্রয়োজন আমাদের শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন। আর সেই হলে একটি ভিত্তিক শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে হবে। যে আদর্শ প্রতিটি ছাত্রকে চারিত্রিক বৈশিষ্ট্যে সমৃদ্ধ করায়, পারস্পরিক হিংসা বিদ্বেষ দূর করা যায়, প্রতিটি মানুষের মর্যাদাবোধ যেন ছাত্ররা বুঝতে পারে এমন এক শিক্ষা ব্যবস্থা বা বিষয়-পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করতে হবে। আজকাল ছাত্র সমাজের কাছে সাধারণ মানুষ যে জিনিসটি চায় সেটি হলে এই নৈতিকতাবোধ। অন্ততঃ সামাজিক অনাচারবোধের জন্য ইলেক্ট্রনিক বিষয়টি পাঠ্যক্রমে থাকা উচিত। আর এটা নেই বলেই আমাদের ছাত্র সমাজের কাছে এটা দাবী করাও ভুল।  
—মুহম্মদ বেলায়েত হোসেন